

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৪২.১৬.০০২.১৯-১৭১


তারিখ: ২২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

বিষয়: ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন আসলামপুর ইউনিয়ন পরিষদের ওমরপুর ৫নং ওয়ার্ডে অবস্থিত চৌমুহনী
আলামিন বাজার জামে মসজিদ উন্নয়ন সংক্রান্ত।

সূত্র: জনাব হাফেজ আমিন উল্যাহ, ঈমাম, আলামিন বাজার জামে মসজিদ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব হাফেজ আমিন উল্যাহ, ঈমাম, আলামিন বাজার জামে
মসজিদ হতে প্রাপ্ত আবেদনপত্রটি এ সাথে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন
আসলামপুর ইউনিয়ন পরিষদের ওমরপুর ৫নং ওয়ার্ডে অবস্থিত চৌমুহনী আলামিন বাজার জামে মসজিদ উন্নয়নের বিষয়ে
বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।


(মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ভোলা।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জনাব হাফেজ আমিন উল্যাহ, ঈমাম, আলামিন বাজার জামে মসজিদ।

তারিখঃ ২৬.০১.২০২১খ্:

মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০

বিষয়ঃ মসজিদ সংস্কারের জন্য প্রয়োজনীয় মঞ্জুরী/অনুদান প্রদানের জন্য আবেদন।


মহোদয়,

বিনীতভাবে জানাচ্ছি যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলার আসলামপুর ইউনিয়ন পরিষদের ওমরপুর ৫নং ওয়ার্ডে অবস্থিত চৌমুহনী আলামিন বাজার সংলগ্ন জামে মসজিদে (জেবল হক মিয়ার বাড়ির দরজায় অবস্থিত) ওয়ার্ডের মুসল্লীগন পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করে থাকে। বাজার সংলগ্ন বিধায় অনেক মুসল্লী এই মসজিদে নামাজ আদায় করে। ফলে প্রায়শঃ মসজিদে স্থান সংকুলান হয় না। উপরন্তু প্রয়োজনীয় সামগ্রির অভাবে মসজিদে মুসল্লীদের নামাজ আদায় করায় অসুবিধা পরিলক্ষিত হয়। তাছাড়া অনেক পুরানো বিধায় মসজিদটি জরুরীভাবে সংস্কার করা প্রয়োজন। এলাকা থেকে আদায়কৃত চাঁদা এবং দান বক্সের অর্থ দ্বারা মসজিদের সংস্কার কাজ সম্পন্ন করা সম্ভব নয়। আমরা জানি যে, মহানুভব বাংলাদেশ সরকার মসজিদ সংস্কার বাবদ আর্থিক সহায়তা প্রদান করছে। আল্লাহ এই কার্যক্রমকে কবুল করুন।

মসজিদ সংস্কার কার্যক্রমের অংশ হিসাবে আমাদের মসজিদটি সংস্কারের জন্য প্রয়োজনীয় মঞ্জুরী/অনুদান প্রদানের জন্য আপনার নিকট এলাকাবাসির বিনীত প্রার্থনা। মহান আল্লাহ আপনার এই দানকে সদকা জারিয়া হিসাবে কবুল করুন। সকল মুসল্লীগন আজীবন আপনার জন্য দোয়া করবে।

বিনীত নিবেদক-

এলাকাবাসির পক্ষে-



হাফেজ আমিন উল্যাহ্

ঈমাম

আলামিন বাজার জামে মসজিদ